🌐 ওয়েবসাইট: banglabakaran.com
📘 ফেসবুক পেজ: WBCS Bengali Compulsory Paper 18,000+ Followers
📢 নোটস + কারেন্ট টপিকস স্পেশাল অ্যাক্সেস | মাত্র ₹8.33 / মাস | ₹100 / বছর (Website Access) | WhatsApp: 8537872204

MOCK-1

BENGALI LETTER WRITING, DRAFTING OF REPORT, PRÉCIS WRITING, COMPOSITION AND TRANSLATION

Time Allowed: 3 Hours | **PAPER-I** | **Full Marks: 200**

If the questions attempted are in excess of the prescribed number, only the questions attempted first up to the prescribed number shall be valued and the remaining ones ignored.

১। নিজের পরিচয় বিবৃত না করে নিম্নলিখিত যে কোনো একটা বিষয় সম্পর্কে আপনার অভিমত, কোনো বাংলা দৈনিক পত্রিকার সম্পাদকের কাছে অনধিক ১৫০ শব্দের মধ্যে পত্রাকারে বিবৃত করুন: ৪০

(ক) দ্রব্যমূল্য বৃদ্ধি।

(খ) পশ্চিমবঙ্গের শিক্ষাব্যবস্থার বর্তমান বেহাল দশা।

২। নিম্নলিখিত বিষয় অবলম্বনে ২০০ শব্দের মধ্যে একটি সম্পাদকীয় প্রতিবেদন রচনা করুন: ৪০

'ফুটপাতে হাঁটিবার অধিকার।'

৩। নিম্নলিখিত অংশের সারমর্ম লিখুন ও একটি উপযুক্ত শীর্ষনাম দিন: ৪০

> শহরের ধনী মহাজনের কারখানার মজুরি করিতে গেলে শ্রমীদিগের মনুষ্যত্ব কিরূপ নষ্ট হয় সকলেই জানেন। বিশেষত আমাদের যে দেশের সমাজ গৃহের উপর প্রতিষ্ঠিত সেখানে গৃহনীতি বিচলিত হইলে ধর্মের প্রধান অবলম্বন জীর্ণ হইয়া পড়ে ও সমাজের মর্মস্থানে বিষ সঞ্চার হইতে থাকে সে দেশে বড়ো বড়ো কারখানা যদি শহরের মধ্যে আবর্ত রচনা করিয়া চারিদিকের গ্রামপল্লী হইতে দরিদ্র গৃহস্থ দিগকে আকর্ষণ করিয়া আনে তবে স্বাভাবিক অবস্থা হইতে বিচ্যুত, বাসস্থান হইতে বিশ্লিষ্ট স্ত্রী-পুরুষগণ নিরানন্দকর কলের কাজে ক্রমশই কিরূপ দুর্গতির মধ্যে নিমজ্জিত হইতে পারে তাহা অনুমান করা কঠিন নহে। কলের দ্বারা কেবল জিনিসপত্রের উপচয় করিতে গিয়া মানুষের অপচয় করিয়া বসিলে সমাজের অধিক দিন তাহা সহিবে না। অতএব পল্লিবাসীরাই একত্রে মিলিলে যে-সকল যন্ত্রের ব্যবহার সম্ভবপর হয় তাহারই সাহায্যে স্বস্থানেই কর্মের উন্নতি করিতে পারিলে সকল দিক রক্ষা হইতে পারে। শুধু তাই নয়, দেশের জনসাধারণকে ঐক্যনীতিতে দীক্ষিত করিবার এই একটি উপায়। প্রাদেশিক সভা উপদেশ ও দৃষ্টান্ত দ্বারা একটি মণ্ডলীকেও যদি এইরূপে গড়িয়া তুলিতে পারেন তবে এই দৃষ্টান্তের সফলতা দেখিতে দেখিতে চারিদিকে ব্যাপ্ত হইয়া পড়িবে।

৪। “শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাসের সমাজ কেবল কতগুলি গতানুগতিক কুসংস্কার আর অন্ধ নিয়মের এক জড় সমষ্টি নয়, সেখানে মানুষের জীবন্ত প্রাণ এবং নিদারুণ সামাজিক বেদনা অত্যন্ত গভীরভাবে বিদ্যমান। তৎকালীন গ্রামীণ ও সমাজজীবনে সাধারণ মানুষের ওপর যে নানা ধরনের নিপীড়ন, কুলীন প্রথার চাপ ও অবিচার চলত, তার এক নিখুঁত ঐতিহাসিক দলিল হয়ে উঠেছে তাঁর কালজয়ী সাহিত্য। সমাজের হীনতা, অবহেলা, কঠোর অনুশাসন আর বঞ্চনার শিকার হয়েও তাঁর সৃষ্টি করা চরিত্রগুলি কখনো মানুষের প্রতি বা ভালোবাসার প্রতি তাদের সহজাত বিশ্বাস হারায় না। ‘পল্লীসমাজ’-এর গ্রামীণ কোন্দল ও আমৃত্যু লড়াই কিংবা ‘দেবদাস’-এর মর্মান্তিক ট্র্যাজিক অন্তিম পরিণতি সব জায়গাতেই মানুষের মনের শাশ্বত, বিদ্রোহী ও মমতাময় রূপটি সবচেয়ে বড় হয়ে উঠেছে। সমাজের তথাকথিত উচ্চাশা বা গোঁড়ামি যখন ক্ষমতার জোরে সাধারণ মানুষের সহজ-সরল জীবনকে পদদলিত করতে চায়, তখন শরৎচন্দ্রের সাহিত্য সেই নির্মম সামাজিক পেষণ থেকে মানুষের আত্মাকে মুক্ত করে এক গভীর সহানুভূতির আলোয় উদ্ভাসিত করে তোলে। তিনি তাঁর উপন্যাসে স্পষ্টভাবে দেখিয়েছেন যে, আইনের কড়াকড়ির চেয়ে মানুষের হৃদয় ও মন অনেক বেশি বড়; আর তাই তাঁর সৃষ্টিতে সমাজের দ্বারা বঞ্চিত, উপেক্ষিত ও লাঞ্ছিত মানুষেরা সাহিত্যের মূল আসনে চিরকালের মতো গৌরবের স্থান লাভ করেছে।”

প্রশ্নাবলী (১০ × ৪) **৪০**

(ক) শরৎচন্দ্রের উপন্যাসের সমাজব্যবস্থা ও তার স্বরূপ সম্পর্কে প্রাবন্ধিক বা লেখক কী বিশ্লেষণ করেছেন?

(খ) সমাজের অবহেলা, কড়াকড়ি ও বঞ্চনার শিকার হওয়া সত্ত্বেও শরৎচন্দ্রের চরিত্রগুলির মূল মানসিক বৈশিষ্ট্য কী থাকে?

(গ) সমাজের কঠোর অনুশাসন ও গোঁড়ামি সাধারণ মানুষের সহজ জীবনকে কীভাবে প্রভাবিত করতে চায়?

(ঘ) সমাজ ও আইনের গণ্ডির বাইরে গিয়ে শরৎচন্দ্রের সাহিত্য কীভাবে উপেক্ষিত মানুষের আত্মাকে উদ্ভাসিত করে তোলে তা নিজের ভাষায় ব্যাখ্যা করুন।

৫। নিম্নলিখিত যে কোনো একটি বিষয়ের বাংলা অনুবাদ করুন: **৪০**

(ক) The moon is the only one of our heavenly neighbours that is near to us, but, as we shall see, even the moon is not very near. Supposing we build an imaginary railway to the moon, how long would it take an express train, going at forty miles an hour, to reach that globe? If it went thousand miles in a day and night, the journey would require two hundred and forty days, or about eight months of travelling night and day.